চুয়াডাঙ্গায় বিভিন্ন রোগে আক্রান্ত রোগীদের মাঝে চেক বিতরণ

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন, জাতীয় সমাজ কল্যান পরিষদ ও সমাজ সেবা কার্যালয় চুয়াডাঙ্গা’র আয়োজনে ক্যান্সার, কিডনী, লিভার, সিরোসিস স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হ্রদরোগ, থ্যালোসেমিয়া আক্রান্ত রোগীদের আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার বারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার’র সভাপতিত্ব প্রধান অতিথির বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা ১ আসনের সংসদ সদস্য চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়ার্দ্দার ছেলুন।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা তৃণমূল পর্যায় থেকে শুরু করে দেশের সকল প্রকার মানুষের জন্য কাজ করে যাচ্ছেন।সকলকে একতাবদ্ধ হয়ে কাজ করতে হবে তাহলেই আমরা বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়তে পারবো।সেই সাথে তিনি আরও বলেন সমাজের সকল বিওবান দেন কাজ করতে হবে সমাজের অবহেলিত জনগোষ্ঠীর জন্য এবং তাদের পাশে দাড়াতে হবে।

এই কর্মসূচীর আওতায় প্রদত্ত অনুদানের ৮৮ জন রোগীর মাঝে ৪৪ লক্ষ টাকার এবং ৫৪ টি স্বেচ্ছাসেবী সংঠনের মাঝে ৯ লাখ ৬৮ হাজার টাকার চেক বিতরন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার’র সভাপতিত্ব স্বাগত বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রসিদ।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জাতীয় সমাজ কল্যান পরিষদের কেন্দ্রীয় কমিটির সদস্য মুন্সী আলমগীর হান্নান,সাবেক পিপি চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগ এর যুগ্ন-সাধারন সম্পাদক এ্যাড শামসুজ্জোহা।

মেহেরপুরে “এগিয়ে যাচ্ছে বাংলাদেশ” শীর্ষক প্রচার কার্যক্রম অব্যাহত

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধিন গণযোগাযোগ অধিদপ্তরের “গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ” প্রকল্পের আওতায় এগিয়ে যাচ্ছে বাংলাদেশ” শিরোনামে দেশব্যাপী প্রচার কার্যক্রম চলছে।

গত বুধবার তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো: ফারুক আহমেদের নেতৃত্বে একটি পরিদর্শক দল মেহেরপুরে ওয়াপদা মোড়ে এবং প্রকল্প পরিচালক মোহাম্মদ ওমর ফারুক দেওয়ানের নেতৃত্বে একটি টিম বিকালে তাহের ক্লিনিক মোড়ে প্রদর্শীত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ।

প্রকল্পের আওতায় সরকারের অগ্রধিকার মূলক ভ্রাম্যমাণ এল.ই.ডি ভ্যানে করে জনগনের সামনে তুলে ধরা হয়। এছাড়াও নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন, বাল্যবিবাহ রোধে,সন্ত্রাস ও জঙ্গীবাদ প্রতিরোধ, মাদক প্রতিরোধে ,নারীর প্রতি সকল ধরনের সহিংসতা রোধসহ বিভিন্ন বিষয়ে সচেতনামূলক প্রমান্যচিত্র প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানে উভয়ে সংক্ষিপ্ত বক্তৃতাকালে সরকারের উন্নয়ন মূলক কার্যক্রম ও এর সুফল উপস্থিত দর্শককের সামনে তুলে ধরেন। উভয় অনুষ্ঠান শেষে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং জনগণের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। উল্লেখ, এগিয়ে যাচ্ছে বাংলাদেশ’এ প্রকল্পের আওতায় দেশব্যাপি ১৯০০ স্পটে ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শন করা হবে । এর মধ্যে মেহেরপুরেও ভ্রাম্যমাণ ভ্যানের মাধ্যমে ৬৪ টি স্পটে প্রদর্শন করা হবে ।

গাংনীর বামুন্দি ইউনিয়নে দুই বছর সম্মানী ভাতা বঞ্চিত ইউপি সদস্যদের নালিশ

মেহেরপুরের গাংনীর বামন্দি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলামের বিরুদ্ধে দুই বছর সম্মানী ভাতা না পেয়ে লিখিত নালিশ করেছেন ওই পরিষদেরই সাত সদস্য। বৃহষ্পতিবার দুপুরে ইউপি সদস্যরা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) অফিসে উপস্থিত হয়ে এ নালিশ জানান। তাদের অভিযোগ ইউপি চেয়ারম্যান দুই বছর যাবত তাদের প্রাপ্য সম্মানী প্রদান করছেন না। লিখিত নালিশ পেয়ে বিষয়টি সুরাহার আশ^◌াস দেন ইউএনও।

ইউপি সদস্য মিলন হোসেন বলেন, অত্র ইউপির অধিনে বড় একটি হা বাজারসহ কয়েকটি কারখানা রয়েছে। এসব প্রতিষ্ঠান ছাড়াও ট্রেড লাইসেন্স ও ট্যাক্স আদায় করে পর্যাপ্ত অর্থ ইউপি তহবিলে জমা দেয়া হয়েছে। অথচ ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম তাদের সম্মানী প্রদান করছেন না। সম্মানীভাতা চাইতে গেলে দিতে পারবেননা বলে জানিয়েদের চেয়ারম্যান।

বিষয়টি প্রতিকার চেয়ে উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসক বরাবর লিখিত নালিশ করেন।

চেয়ারম্যান শহিদুল ইসলাম চিকিৎসাজনিত কারণে ঢাকায় অবস্থান করছেন। তার ব্যবহৃত মুঠো ফেনে কল দেয়া হলেও তিনি রিসিভ করেন নি।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম জানান, তিনি চেয়ারম্যান শহিদুল ইসলামের সাথে বসে বিষয়টি সুরাহা করার চেষ্টা করবেন।

মেহেরপুর জেলা পরিষদের বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ

নারীদের আরও এগিয়ে নিয়ে যেতে মেহেরপুর জেলা পরিষদের উদ্যোগে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকার সেলাই প্রশিক্ষণ কারীদের মধ্যে বিনামূল্যে সেলাই মেশিন বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার সকাল ১১ টার সময় মেহেরপুর জেলা পরিষদ মিলনায়তনে এসকল সেলাই মেশিন বিতরণ করা হয়।
মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসূল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে নিজ হাতে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি, বুড়িপোতা এবং মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের বিভিন্ন এলাকার ৮৪ জন সেলাই প্রশিক্ষণ মহিলাদের মধ্যে সেলাই মেশিন বিতরণ করেন।এসময় জেলা পরিষদের সদস্য খাজা মইনুদ্দিন লিটন,আব্দুল কুদ্দুস, চেয়ারম্যানের গোপনীয় সহকারি শাহীন ইকবাল,সহকারী প্রকৌশলী মজিবুর রহমান সহ প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

গাংনীতে গাঁজা রাখার অপরাধে একজনের জেল জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলায় গাঁজা রাখার অপরাধে মোমিন(৪০) নামের একজনের ১৫ দিনের জেল ও ৯০০ টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। বৃহষ্পতিবার দুপুরে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম এ দণ্ডাদেশ দেন। মোমিন মেহেরপুরের গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামের আব্দুল আজিজের ছেলে। দণ্ডিত কে মেহেরপুর কারাগারে প্রেরণ করা হয়েছে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা যায়, মোমিন মাদক সেবী ও পাচারকারী। তার বাড়িতে অভিযান চালিয়ে পাঁচ গ্রাম গাঁজা পাওয়া যায়। এসময় ভ্রাম্যমাণ আদালত তাকে দোষি সাব্যস্ত করে ১৫ দিনের জেল ও ৯০০ টাকা জরিমানা করেন। এসময় গাংনী থানা পুলিশের এসআই সাহিদুর ও এএসআই রাজু আহাম্মেদ উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমঝুপীতে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবস ২০২১ উপলক্ষে মউক এ আলোচনা সভার আয়োজন করে।আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে গণ সাক্ষরতা অভিযান এর সহায়তায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ সভার আয়োজন করে।

সভাপতিত্ব করেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এর সভাপতি ও জেলা শিল্পকলা একাডেমির সাধারন সম্পাদক অধ্যাপক সাইদুর রহমান।

প্রধান অতিথি ছিলেন উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেন। বক্তব্য রাখেন সাবেক ইউপি সদস্য রাশিদুল ইসলাম, সাবেক শিক্ষক হাজী আজগার আলী মাস্টার।স্বাগত বক্তব্য রাখেন মউক এর সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন।

আলোচনা সভার পরে একটি র্যালী আমঝুপীর সড়ক প্রদক্ষিন করে। আনুষ্ঠান পরিচালনা করেন মউক এর স্কুল চিলড্রেন কর্মসূচির জেলা প্রোগ্রাম ম্যানেজার সাদ আহমেদ।

আনুষ্ঠানে উপজেলা মধ্যমিক শিক্ষা অফিসার মোঃ আনোয়ার হোসেন বলেন এশিয়ায় সাক্ষরতার হারে আমরা এখনো পিছিয়ে,সরকার ও সবার চেষ্টায় আমরা শতভাগ সাক্ষরতার হার অর্জনে সক্ষম হব।

গাংনীতে গাঁজা ও ফেন্সিডিলসহ

আটক-২

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে গাঁজা ও ফেন্সিডিলসহ দুজনকে আটক করেছে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

গতকাল বুধবার রাতে গাংনী থানার কাথুলী বাজার এলাকায় অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। আটককৃতরা হলো কাথুলী গ্রামের রফিকুল ইসলামের ছেলে রকিব মিয়া (২৩) ও একই গ্রামের মকবুল হোসেনের ছেলে আশিক ইসলাম (২১)।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের ওসি জুলফিকার আলীর নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই হেলাল উদ্দিন, এএসআই মাহাতাব উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে গাংনী থানার কাথুলী বাজার এলাকায় অভিযান চালিয়ে রকিব ও আশিককে আটক করা হয়।

এসময় তাদের কাছ থেকে ৫ বোতল ফেন্সিডিল ও ৫’শ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।

চুয়াডাঙ্গায় আন্তজার্তিক সাক্ষরতা দিবস পালন

চুয়াডাঙ্গায় আন্তজার্তিক সাক্ষরতা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১২টায় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) আরাফাত রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক নজরুল ইসলাম সরকার বলেন, বর্তমান সরকার উপানুষ্ঠানিক শিক্ষা আইন ২০১৪ প্রণয়ন করেছে। এ আইনের আওতায় জীবন ও জীবিকায়ন দক্ষতা বৃদ্ধির মাধ্যমে মানবসম্পদ

উন্নয়ন, জীবনব্যাপী শিক্ষার সুযোগ সৃষ্টি, উপানুষ্ঠানিক ধারায় বৃত্তিমূলক, উদ্যোক্তা উন্নয়ন এবং কর্মসংস্থানমূলক প্রশিক্ষণ এবং তথ্যপ্রযুক্তি সাক্ষরতা প্রদানের জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওপর দায়িত্ব ন্যস্ত করা হয়েছে।

তিনি আরও বলেন, ৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা (২০২১-২০২৫)-তে জীবনব্যাপী শিক্ষার বৈশ্বিক ধারনার দিকে অগ্রসর হওয়ার লক্ষ্যে সকল নিরক্ষরকে মৌলিক সাক্ষরতা জ্ঞান প্রদানের কৌশল নির্ধারণ করা হয়েছে।

এ কৌশল বাস্তবায়নের ক্ষেত্রে আইসিটি বেইজড জীবনব্যাপী শিক্ষার সুযোগ বৃদ্ধির উদ্যোগ গ্রহণের সুপারিশ করা হয়েছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অভীষ্ট ৪-এ জীবনব্যাপী শিক্ষা কার্যক্রম উৎসাহিত করা হয়েছে।

পরিকল্পনা অনুযায়ী দ্রুততর সময়ের মধ্যে সবার ঐক্যবদ্ধ প্রচেষ্টায় শতভাগ সাক্ষরতা অর্জন ও দক্ষ মানবসম্পদ গড়ে তোলার মাধ্যমে জাতির পিতার স্বপ্নের ক্ষুধা, দারিদ্র্য ও নিরক্ষরতামুক্ত সোনার বাংলাদেশ গড়ে তোলা হবে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা সরকারি আদর্শ মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর আজিজুর রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান ও জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান।

চুয়াডাঙ্গা কালেক্টরেটের সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের পরিচালনায় আলোচনা সভায় আরও বক্তব্য রাখেন দৈনিক প্রথম আলোর চুয়াডাঙ্গা প্রতিনিধি শাহ আলম সনি, সদর উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিকাশ কুমার সাহা।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তথ্য অনুযায়ী দেশে ১৯৭১ সাক্ষরতার হার ছিল ১৬ দশমিক ৮ ভাগ। ১৯৯১ সালে বেড়ে দাঁড়ায় ৩৫ দশমিক ৩ এবং ২০০১ সালে ৪৭ দশমিক ৯। ২০০৮ সালে ৪৮ দশমিক ৮ ভাই এবং ২০০৯ সালের হিসাবে ৫৩ ভাগ। আগামী বছর দেশে আদমশুমারী হবে আদমশুমারী থেকে এ ব্যাপারে তথ্য বেরিয়ে আসবে।

[redacted]

[redacted]

হাবিবুর রহমান হাবীব, কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি এম এ জলিল, সাংবাদিক মিরাজুল ইসলাম মিরাজ সহ উপজেলার বিভিন্ন সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধিবৃন্দ প্রমুখ।

আলমডাঙ্গায় পৌর ও কুমারি ইউনিয়ন ভুমি অফিসের নতুন ভবন উদ্বোধন

আলমডাঙ্গায় পৌর ভূমি অফিসও ১টি কুমারি ইউনিয়ন ভুমি অফিসের নতুন ভবন উদ্বোধন করা হয়েছে।
বুধবার ৮ সেপ্টেম্বর সকাল ১১টায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরাসরি গণভবন থেকে ভিডিও কনফারেন্সের ম্যাধমে দেশব্যাপী উদ্বোধন করেন।

এই ধারাবাহিকতায় আলমডাঙ্গায় উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুরের পরিচালনায় ১ টি পৌর ও ১টি কুমারি ইউনিয়ন ভূমি অফিসের নতুন ভবন উদ্বোধন করা হয়।

এই অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর, আলমডাঙ্গা সহকারি কমিশনার ভুমি হুমায়ন কবির, আলমডাঙ্গা উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও পৌর মেয়র হাসান কাদির গনু, আলমডাঙ্গা উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, পৌর ভুমি কর্মকর্তা মিনারুল ইসলাম, সার্ভেয়ার আবু সালেহ, সোহেল রানা, ফারুক, রোকন, স্বজল, সুজিতসহ বিভিন্ন ইউনিয়নের ভুমি অফিসের সকল কর্মকর্তা/ কর্মচারীবৃন্দ প্রমূখ উপস্থিত ছিলেন।